

মোঃ আবু বকর ছিদ্দীক  
চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড এর জীবন বৃত্তান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে চেয়ারম্যান (সচিব) হিসেবে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি সংস্কার বোর্ড এর দায়িত্ব গ্রহণ করেন। ১২ এপ্রিল ২০২৩ তিনি সিনিয়র সচিব পদে পদোন্নতি পান। ইতোপূর্বে তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সচিব সেতু বিভাগের সচিব ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং তৎপূর্বে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আবু বকর ছিদ্দীক বিসিএস প্রশাসন ক্যাডারের নবম ব্যাচের একজন মেধাবী ও দক্ষ কর্মকর্তা। সুদীর্ঘ কর্মময় জীবনে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি উইং, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আবু বকর ছিদ্দীক মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ে কাজ করেছেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি গভর্নেন্স স্টাডিজের স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ে আন্তর্জাতিক ডিপ্লোমা অর্জন করে **Chartered Institute of Procurement & Supply (CIPS)** এর সদস্যপদ লাভ করেন। তিনি আইন ও জনপ্রশাসন বিষয়ে আটটি প্রকাশিত গ্রন্থের লেখক। তিনি প্রশিক্ষণ ও সরকারি কাজে পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেন।